

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd



নম্বর: ০৯.০০.০০০০.০৭৩.১৮.০১৭.০৭ - ৭৪৬

তারিখ: ১৮ কার্তিক ১৪২৯ ব.
০৩ নভেম্বর ২০২১ খ্রি.

প্রজ্ঞাপন

সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৪৩ অনুচ্ছেদ সরকারি কর্মচারীর অবসর গ্রহণ (১) (ক)-এর বিধান অনুযায়ী সরকারি কর্মচারি তাঁর বয়স ৫৯ (উনষাট) বৎসর পূর্তিতে অবসর গ্রহণ করবেন এবং অর্থ বিভাগের গত ০২/০২/২০২১ তারিখের ২২ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী ৫৯ (উনষাট) বৎসর পূর্তির দিন অপরাহ্নে সরকারি চাকরি হতে অবসর কার্যকর হবে। উক্ত বিধি মোতাবেক অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ব্যক্তিগত কর্মকর্তা জনাব মোঃ গোলাম রক্কানী-এর এস.এস.সি. সনদ অনুযায়ী জন্ম তারিখ ৩১/১২/১৯৬৩ খ্রি: হওয়ায় ৫৯ (উনষাট) বৎসর পূর্তির দিন ৩০/১২/২০২২ খ্রি: তারিখ অপরাহ্নে সরকারি চাকরি হতে নির্দেশক্রমে অবসর প্রদান করা হলো।

২। তিনি বিধি মোতাবেক ছুটি পাওনা সাপেক্ষে ৩১/১২/২০২২ খ্রি: হতে ৩০/১২/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত ০১ (এক) বছর অবসর-উত্তর ছুটি (Post Retirement to Leave) ভোগ করবেন এবং ৩১/১২/২০২৩ খ্রি: তারিখে পূর্ণ অবসর (Full Retirement) গ্রহণ করবেন।

৩। এ আদেশ ৩০/১২/২০২২ খ্রি: তারিখ অপরাহ্ন থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(আইনুর আক্তার পাশা)
উপসচিব

ফোন: ৪৮১১১৭৪৪

নম্বর: ০৯.০০.০০০০.০৭৩.১৮.০১৭.০৭ - ৭৪৬

তারিখ: ১৮ কার্তিক ১৪২৯ ব.
০৩ নভেম্বর ২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপসচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৬। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন ও মধ্যপ্রাচ্য)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৯। জনাব মোঃ গোলাম রক্কানী, ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ১০। ব্যক্তিগত নথি।

API
6
06.11.2022